

নারায়ণগঞ্জ কলেজে ভর্তির সম্পূর্ণ ফল আসেনি

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি
নারায়ণগঞ্জ কলেজে ২ হাজার ৮৫০টি আসনের বিপরীতে ১ হাজার ৮৫০টি আসনের ছাত্রদের ভর্তির ফল গত তিন দিনেও আসেনি। ২৮ জুন রাতে অনলাইনে ভর্তির ফল প্রকাশের পর তিন দিন পেরিয়ে গেলেও ফল না আসায় ছাত্র ভর্তি নিয়ে অনিচ্ছয়তা দেখা দিয়েছে।

নারায়ণগঞ্জ কলেজে ছাত্রদের ১ হাজার ৮৫০টি আসনের বিপরীতে আবেদন পড়ে ৬ হাজার ৮৯৪টি। এই কলেজে মেয়েদের ১ হাজারটি আসনের ফল এলেও ছেলেদের ১ হাজার ৮৫০টি আসনের বিপরীতে কোন ফল আসেনি। এতে ওই কলেজে বিপুল সংখ্যক আসন শূন্য দেখাচ্ছে। গত তিন দিনেও ভর্তি হতে না পেরে শিক্ষার্থী ও অভিভাবকদের অনেকেই ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন।

এদিকে অনেক শিক্ষার্থী ভালো ফল করেও পছন্দ মতো কলেজে ভর্তি হতে পারছে না। একই অবস্থা দেখা গেছে নারায়ণগঞ্জের অন্য কলেজেও। অনেক শিক্ষার্থী এসএমএসও পায়নি। শিক্ষার্থীদের অভিযোগ, তারা একমাত্র পছন্দ নারায়ণগঞ্জ কলেজ দিলেও তাদের ঢাকাসহ বেসরকারি বিভিন্ন কলেজে ভর্তির জন্য নির্দেশনা দিয়ে এসএমএস দেওয়া হয়েছে।

শহরের জয়গোবিন্দ স্কুল থেকে

৩.৪ পেয়ে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া শিক্ষার্থী সোহেল আহমেদ জানান, সে প্রথম চয়েজ হিসেবে নারায়ণগঞ্জ কলেজে ভর্তির আবেদন করলেও তার এসএমএস আসেনি।

উজির আলী উচ্চ বিদ্যালয় থেকে ৩.২ পয়েন্ট নিয়ে উত্তীর্ণ হয়েছে তৌফিকুর রহমান। সে বলে, নারায়ণগঞ্জ কলেজ ফস্ট চয়েজ দিয়ে লাইনে আবেদন করেছে। তার ফল এসেছে একটি বেসরকারি কলেজে।

নারায়ণগঞ্জ কলেজের অধ্যক্ষ বিরাজ কুমার সাহা জানান, নারায়ণগঞ্জ কলেজে ডে ও মনিং শিফটে মোট আসন সংখ্যা ২ হাজার ৮০০। অনলাইনে যে ফল প্রকাশ পেয়েছে সেখানে মোট আসন সংখ্যা দেখাচ্ছে ২ হাজার ৮০০। মোট আসনের মধ্যে ১ হাজার ছাত্রীর ভর্তির ফল এলেও ছেলেদের ১ হাজার ৮০০ আসনের ফল আসেনি। বিষয়টি নিয়ে শিক্ষা বোর্ডসহ মন্ত্রণালয়ে যোগাযোগ করেও কোনো সুরাহা হয়নি।